# 2023

## BENGALI

## ( Modern Indian Language )

*Full Marks* : 100
*Pass Marks* : 30

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

### ALLOTMENT OF MARKS

### ( *New Course* )

| | | |
|---|---|---|
| Q. No. **1** carries *1* mark each | : | 1×12 = 12 |
| Q. No. **2** carries *2* marks each | : | 2×4 = 8 |
| Q. No. **3** carries *2* marks each | : | 2×5 = 10 |
| Q. No. **4** carries *2* marks | : | = 2 |
| Q. No. **5** carries *4* marks each | : | 4×2 = 8 |
| Q. No. **6** carries *4* marks each | : | 4×3 = 12 |
| Q. No. **7** carries *11* marks | : | = 11 |
| Q. No. **8** carries *12* marks | : | = 12 |
| Q. No. **9** carries *12* marks | : | = 12 |
| Q. No. **10** carries *13* marks | : | = 13 |
| | | Total = 100 |

## GROUP—A

### ( New Course )

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১২=১২

(ক) 'ইচ্ছাপূরণ' গল্পে কে পিতা-পুত্রের ইচ্ছাপূরণ করেছিলেন ?

(খ) 'লজ্জাবতী'র লেখক কে ?

(গ) 'মনুসংহিতা'র প্রণেতা কে ?

(ঘ) চাকমা ভাষায় ঈশ্বরকে কী বলে ?

(ঙ) 'মগের মুলুক' বলতে কী বোঝো ?

(চ) 'চৈতন্যভাগবত' গ্রন্থটি কে রচনা করেছেন ?

(ছ) 'রূপসী বাংলা'র লেখক কে ?

(জ) অর্থ লেখো : হরবোলা।

(ঝ) ''কেউ কথা রাখেনি, _____ কাটলো, কেউ কথা রাখেনি।''

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঞ) বাংলা ব্যাকরণে মোট কত প্রকারের পদ রয়েছে ?

(ট) কারক কাকে বলে ?

(ঠ) আলখাল্লা, বিবি, বেগম, উজবুক—শব্দগুলি কোন্ ভাষা থেকে বাংলায় এসেছে ?

২। যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ২×৪=৮

(ক) ‘‘মহেশ, তুই আমার ছেলে, তুই আমাদের আট সন প্রতিপালন করে বুড়ো হয়েচিস,’’ উক্তিটি কার? মহেশ কীভাবে তাদের ‘আট সন’ প্রতিপালন করেছে?

(খ) খ্রিস্টীয় সপ্তম শতকের ভাস্করবর্মার কামরূপের সীমা কতদূর পর্যন্ত বিস্তৃত ছিল?

(গ) শৈলর পিতা কী ধরনের মানুষ ছিলেন?

(ঘ) বন্যার সময় টোলের অবস্থা কেমন হয়?

(ঙ) ‘লাল কালিতে ছাপা হল্‌দে চিঠি’ বলতে কী বোঝানো হয়েছে?

৩। যে কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) সুশীলচন্দ্র অল্পবয়স ফিরে পেলে কী করবেন ভেবেছিলেন?

(খ) ‘‘তা দেখো বৌমা, বড় মানুষের বৌ—এতদিন পরে আসছে, যত্নের যেন কিছু কম না হয়।’’ উক্তিটি কার? ‘বড় মানুষের বৌ’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(গ) এ যুগে আহার সম্পর্কে সর্বসাধারণের মত কী?

(ঘ) অস্ট্রিক জাতির যে কোনো দুটি চরিত্র-লক্ষণের উল্লেখ করো।

(ঙ) কলকাতা প্রবাসিনী গিন্নিদের সামনে শৈল বাপের বাড়ির তত্ত্বতল্লাশ সম্বন্ধে কী বলেছিল?

(চ) ‘‘তুমি চইলা গেলে আমি একলা থাকুম নাকি?’’ কে, কাকে এই কথা বলেছে?

৪। যে কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ২

(ক) টীকা লেখো : ক্রসওয়ার্ড পাজল।

(খ) ভূপেনবাবুর ঘরে কার শোকসভার আয়োজন করা হয়েছিল? সেই সভায় কে কবিতা পাঠ করেছিলেন?

৫। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) 'বৈষ্ণবী মায়া' কাব্যাংশটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) "...বেহুলাও একদিন গাঙুড়ের জলে ভেলা নিয়ে—" পঙ্‌ক্তিটির ভাবার্থ লেখো।

(গ) টীকা লেখো (যে কোনো **একটি**) :

ঈশ্বরচন্দ্র গুপ্ত ; জসিমউদ্দীন।

৬। যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৩=১২

(ক) "বড়ো মানুষের ঝি। একটা নেপ দিয়েছিলুম তা ফেরত দেওয়া হয়েছে।" কাকে উদ্দেশ্য করে, কে এই কথা বলেছেন? প্রসঙ্গ উল্লেখ করে ঘটনাটি বিশদ করো।

(খ) "তোকে দিলে না একমুঠো। ওদের অনেক আছে, তবু দেয় না।" কে, কাকে একথা বলেছে? উক্তিটির অর্থ পরিস্ফুট করো।

(গ) "হ আমি মোছলমান।—কী হইছে?" কে, কাকে, কোন্ প্রসঙ্গে এই কথা বলেছে?

(ঘ) টীকা লেখো (যে কোনো **একটি**) :

স্বামী বিবেকানন্দ ; রাজমোহন নাথ।

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

(ক) ‘‘কিন্তু সংসারে অত ক্ষুদ্রের অত বড় দোহাই দেওয়া শুধু বিফল নয় বিপদের কারণ।’’ ৬

*অথবা*

‘‘লুঠেরা-রা বেরিয়েছে তাদের অভিযানে। মৃত্যু-বিভীষিকাময় এই অন্ধকার রাত্রি তাদের উল্লাসকে তীব্রতর করে তুলেছে। বস্তিতে বস্তিতে জ্বলছে আগুন।’’

(খ) ‘‘—চারিদিকে চেয়ে দেখি পল্লবের স্তূপ
জাম—বট—কাঁঠালের—হিজলের—অশথের ক’রে আছে চুপ
ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে ;
মধুকর ডিঙা থেকে না জানি সে কবে চাঁদ চম্পার কাছে
এমনই হিজল—বট—তমালের নীল ছায়া বাংলার অপরূপ রূপ’’ ৫

*অথবা*

‘‘নাদের আলি, আমি আর কত বড়ো হবো? আমার মাথা এই ঘরের ছাদ
ফুঁড়ে আকাশ স্পর্শ করলে তারপর তুমি আমায়
তিনপ্রহরের বিল দেখাবে?’’

৮। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও : ৬+৬=১২

(ক) (১) ‘মহেশ’ গল্পের জমিদার ও তর্করত্নের চরিত্র আলোচনা করে সামাজিক শোষণ, নিষ্ঠুরতা ও অন্যায় অবিচারের ছবিটি পরিস্ফুট করো।

*অথবা*

(২) ‘‘বিচারক যেখানে বিধিবদ্ধ বিধানের মধ্যে আবদ্ধ নয়, সেখানে বিচার হয় না, বিচারের নামে ঘটে—স্বেচ্ছাচার।’’ এখানে কোন্ বিচারের কথা বলা হয়েছে? বিচারের নামে কীরূপ স্বেচ্ছাচার গল্পে দেখা যাচ্ছে?

(খ) (১) বর্ষায় লোকের অবস্থা যেমন হয় তা 'বর্ষায় লোকের অবস্থা' কবিতা অবলম্বনে আলোচনা করো।

*অথবা*

(২) 'ফুল ফুটুক না ফুটুক' কবিতায় কবির বসন্ত-চেতনার অভিনবত্ব তোমার নিজের ভাষায় প্রকাশ করো।

৯। উত্তর দাও :

(ক) ভূপেনবাবুর ঘরটি গাবলু ও তার বন্ধুরা কোন্ কাজে ব্যবহার করতে চেয়েছিল? তাদের ইচ্ছা কীভাবে বাস্তবায়িত হয়েছিল? ৬

*অথবা*

'ভাড়াটে চাই' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'ভাড়াটে চাই' নাটকে পাগল চরিত্রটি বর্ণনা করো। ৬

*অথবা*

"রিহার্সেলের সময় ডিস্টার্ব করবেন না।" কে, কাকে এই পরামর্শ দিয়েছে? কোন্ প্রসঙ্গে বক্তা উক্তিটি করেছে? তাদের উদ্দেশ্য কীভাবে ব্যর্থ হল?

১০। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) পদ পরিবর্তন করো (যে কোনো **তিনটি**) : ১×৩=৩

অংশ ; উচিত ; চালাক ; তরুণ ; ত্রাস ; ধাতু।

(খ) আগন্তুক শব্দ কাকে বলে? এই স্তরের বিভিন্ন উপবিভাগ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো। ৩

(গ) অশুদ্ধি সংশোধন করো (যে কোনো **তিনটি**) : ১×৩=৩

ত্রহস্পর্শ ; নির্দোষী ; পিপিলিকা ; ভৌগলিক ; মনচোর।

(ঘ) কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো চারটি) : ১×৪=৪

(১) কবিগুরু গীতাঞ্জলি লিখেছেন।

(২) অহংকারই পতনের মূল।

(৩) অন্ধজনে দেহ আলো।

(৪) আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?

(৫) ঘরেতে ভ্রমর এল গুনগুনিয়ে।

(৬) বিপদে যেন করিতে পারি জয়।

## ALLOTMENT OF MARKS

### ( Old Course )

| | | |
|---|---|---|
| Q. No. **1** carries *1* mark each | : | 1×10 = 10 |
| Q. No. **2** carries *2* marks each | : | 2×3 = 6 |
| Q. No. **3** carries *3* marks each | : | 3×2 = 6 |
| Q. No. **4** carries *3* marks each | : | 3×2 = 6 |
| Q. No. **5** carries *4* marks | : | = 4 |
| Q. No. **6** carries *11* marks | : | = 11 |
| Q. No. **7** carries *4* marks each | : | 4×2 = 8 |
| Q. No. **8** carries *5* marks each | : | 5×2 = 10 |
| Q. No. **9** carries *5* marks each | : | 5×2 = 10 |
| Q. No. **10** carries *19* marks | : | = 19 |
| Q. No. **11** carries *5* marks each | : | 5×2 = 10 |
| | | Total = 100 |

## GROUP—B

### ( Old Course )

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) 'দেবোত্তর সম্পত্তি' বলতে কী বোঝো ?

(খ) 'চাঁদের পাহাড়' কে লিখেছেন ?

(গ) 'পশম' বলতে কী বোঝো ?

(ঘ) স্যান্ডউইচ কী ?

(ঙ) দুর্যোগের যে কোনো একটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(চ) 'পথের পাঁচালী'র লেখক কে ?

(ছ) মাইকেল মধুসূদন দত্তের যে কোনো একটি কাব্যগ্রন্থের নাম লেখো।

(জ) ''এ দেশের বুকে ______ আসুক নেমে।''

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঝ) 'ত্রিদিব' শব্দের অর্থ লেখো।

(ঞ) 'স্বপনবুড়ো'র প্রকৃত নাম কী ?

২। সংক্ষেপে উত্তর দাও : ২×৩=৬

(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের পিতা ও মাতার নাম কী ?

(খ) ''যেখানে তিনি উপস্থিত থাকিতেন ...''—তিনি কে ? সেখানে কী হত ?

(গ) হীরার খনির সন্ধানী দুজন বিদেশির নাম লেখো।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) পাঠ্যাংশ অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অঙ্ক শিক্ষার পরিচয় দাও।

(খ) "এই দেবালয় সম্বন্ধে বিধবার এতই অতিরিক্ত অনাবশ্যক সতর্কতা ছিল যে, ..."—দেবালয় সম্বন্ধে তিনি কী সতর্কতা গ্রহণ করেছিলেন?

(গ) টীকা লেখো : বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় *অথবা* অমিয় চক্রবর্তী।

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৩×২=৬

(ক) "এ তিনের ছল সম ছল রে এ কু-আশার।"—এই তিনটি ছলনার কথা বুঝিয়ে লেখো।

(খ) "মানবেরে দিয়া দেবের জয়"—পঙ্‌ক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) "এ-বয়স তবু নতুন কিছু তো করে।"—এখানে কোন্ বয়সের কথা বলা হয়েছে? তারা নতুন কী কী করে, সংক্ষেপে লেখো।

৫। উত্তর দাও : ৪

(ক) "এই স্ত্রীলোকটির প্রকৃতির মধ্যে বহুল পরিমাণে পৌরুষের অংশ থাকাতে—" 'এই স্ত্রীলোক' বলতে কাকে বোঝানো হয়েছে? তার চরিত্রে বহুল পরিমাণে পৌরুষের অংশ থাকাতে কী হয়েছিল?

*অথবা*

(খ) আত্তিলিও গাত্তির চিঠি কাকে উদ্দেশ্য করে লেখা ছিল? চিঠির বয়ান তোমার নিজের ভাষায় লেখো।

৬। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও :

(ক) (১) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অনুসরণে রাইমণির চরিত্র-চিত্রণ করো। ৫

*অথবা*

(২) 'চাঁদের পাহাড়' অবলম্বনে শঙ্করের কালাহারি মরুভূমি অতিক্রমের কাহিনি সংক্ষেপে বর্ণনা করো।

(খ) (১) 'আত্মবিলাপ' কবিতায় মাইকেল মধুসূদন দত্তের প্রেম-অর্থ-যশলাভের ব্যর্থতার দিকগুলি তুলে ধরো। ৬

*অথবা*

(২) 'আঠারো বছর বয়স' কবিতায় কবি এই বয়সের বৈশিষ্ট্যগুলিকে যেভাবে উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করো।

৭। ক—অংশ ও খ—অংশ থেকে **একটি** করে প্রশ্নের উত্তর দাও : ৪×২=৮

(ক) (১) 'দুর্যোগ ব্যবস্থাপনা' বলতে কী বোঝায়? 'দুর্যোগ ব্যবস্থাপনা চক্র'টিকে চিত্রের মাধ্যমে প্রদর্শন করো।

*অথবা*

(২) ভূমিকম্পের সময় কী কী সাবধানতা অবলম্বন করা উচিত?

(খ) (১) "বিজ্ঞানপ্রযুক্তি নতুনকে বরণ করে, আবিষ্কার ও প্রয়োগসাফল্যে।" আলোচনা করো।

*অথবা*

(২) "অরণ্য ধ্বংস মানে মানুষের ব্যাপক ক্ষতি"—লেখকের এই মন্তব্যের যথার্থতা বিস্তৃতভাবে আলোচনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো : ৫×২=১০

(ক) ‘‘এই পাথরের অঙ্ক উনিশ; ইহা দেখিলেই লোকে বুঝিতে পারে এখান হইতে কলিকাতা উনিশ মাইল, অর্থাৎ সাড়ে নয় ক্রোশ।’’

*অথবা*

‘‘এই বিগ্রহটির নিকট তিনি একান্তরূপে জননী, পত্নী, দাসী—ইহার কাছে তিনি সতর্ক, সুকোমল, সুন্দর এবং সম্পূর্ণ অবনম্র।’’

(খ) ‘‘মাৎসর্য-বিষদশন, কামড়ে রে অনুক্ষণ!
এই কি লভিলি লাভ, অনাহারে, অনিদ্রায়?’’

*অথবা*

‘‘আঠারো বছর বয়সে আঘাত আসে
অবিশ্রান্ত ; একে একে হয় জড়ো,
এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে
এ বয়স কাঁপে বেদনায় থরোথরো।’’

৯। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) ‘সাজঘর’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) সর্বদমনের চরিত্র বিশ্লেষণ করো।

(গ) ‘‘মাঝে মাঝে এমন বুদ্ধির পরিচয় দিস যে, আমি অবধি হকচকিয়ে যাই’’—কে হকচকিয়ে যায়? মাঝে মাঝে কার বুদ্ধির পরিচয়ের কথা বলা হয়েছে? এই চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে লেখো।

১০। নির্দেশানুযায়ী উত্তর দাও :

(ক) ণত্ব ও ষত্ববিধির দুটি করে বিধান বা নিয়ম লেখো। ২×২=৪

(খ) যে কোনো **পাঁচটির** কারক-বিভক্তি নির্ণয় করো : ১×৫=৫

(১) নতুন <u>ধান্যে</u> হবে নবান্ন।

(২) <u>বাঘ</u> মানুষ মারে।

(৩) মিথ্যারে করো না উপাসনা।

(৪) শরতের ধরাতল শিশিরে ঝলমল।

(৫) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু।

(৬) জলে বাষ্প হয়।

(৭) সব ঝিনুকে মুক্তো থাকে না।

(গ) চলিত ভাষায় রূপান্তর করো : ১×৫=৫

(১) আমি তাঁহাকে অতিশয় ভক্তি ও শ্রদ্ধা করিতাম।

(২) ফুল আর কিছু না বলিয়া আহারের পর তাহার গৃহে গমন করিল, মাও তাহার সঙ্গ লইলেন।

(৩) ইচ্ছাঠাকরুন সেই সময় ঘরের বাহির দিয়া যাইতেছিলেন।

(৪) সামন্তদিগের মধ্যে যিনি শ্রেষ্ঠ তিনিই মহাসামন্ত।

(৫) জয়কালী পশ্চাতে ফিরিয়া দেখিলেন, ভূ-পর্যন্ত মাধবীলতা আন্দোলিত হইতেছে।

(ঘ) নিচের শব্দগুলির যে কোনো **পাঁচটির** দুটি করে সমার্থক শব্দ লেখো : ১×৫=৫

ঈশ্বর ; চোখ ; জল ; পৃথিবী ; বায়ু ; রাত্রি।

১১। (ক) ভাবসম্প্রসারণ করো : ৫

"সুসময়ে অনেকেই বন্ধু বটে হয়
অসময়ে হায় হায় কেহ কারও নয়।"

*অথবা*

"কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে
ভাই বলে ডাকো যদি দেবো গলা টিপে,
হেনকালে আকাশেতে উঠিলেন চাঁদা
কেরোসিন শিখা বলে এসো মোর দাদা।"

(খ) নিম্নোক্ত অনুচ্ছেদ/কবিতাটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও : ১×৫=৫

মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুরের খাজাঞ্চির কাজ করতেন যদুনাথ চট্টোপাধ্যায়। ঠাকুরবাড়ির সঙ্গে তাই তাঁর ভালমতোই যোগাযোগ ছিল। তাঁর মামাতো ভাইয়ের আর্থিক অস্বচ্ছলতার জন্য পড়াশোনা যখন সংকটের মুখে, তখন যদুনাথ ভাইকে নিয়ে যান রবীন্দ্রনাথের কাছে, কিছু সাহায্যের প্রার্থনা নিয়ে। রবীন্দ্রনাথ তৎক্ষণাৎ সেই দরিদ্র বালকের লেখাপড়ায় সহায়তা করেছিলেন তার জন্য মাসিক বৃত্তির ব্যবস্থা করে। ভেবে অবাক হই, সেই বালকের চেয়ে রবীন্দ্রনাথ ছিলেন মাত্রই ছয় বছরের বড়। এই দরিদ্র বালক আর কেউ নয়, হরিচরণ বন্দ্যোপাধ্যায়। হরিচরণ নিজেই এই বৃত্তান্ত বর্ণনা করেছেন তাঁর আত্মকথায়। এই বৃত্তি হরিচরণের কাছে প্রায় ঈশ্বরপ্রেরিত। তিনি লিখেছেন, ''কবির প্রদত্ত এই বৃত্তি আমাকে কত যে আনন্দ, কত উৎসাহ, কত আশা দিয়েছিল, তাহা অনুমানেরই বিষয়, বলিবার নয়। ... ভবিষ্যৎ জীবনে যাহা কিছু বিদ্যালাভ হইয়াছিল, এই বৃত্তিই তাহার ভিত্তি।'' সেদিনের সেই দরিদ্র বালককেই বছর পঁচিশেক পরে রবীন্দ্রনাথ মনোনীত করেন 'বাংলায় একখানি অভিধান' রচনার উপযুক্ত ব্যক্তি হিসেবে। হরিচরণ তখন 'সংস্কৃত প্রবেশ' নামে একটি সহজ সংস্কৃত প্রবেশিকা রচনা করছিলেন, ওই পুস্তকটির রচনায় রবীন্দ্রনাথেরও হাত ছিল, পরিকল্পনা ছিল।

*প্রশ্নাবলি :*

(১) যদুনাথ চট্টোপাধ্যায় কী কাজ করতেন?

(২) যদুনাথ চট্টোপাধ্যায়ের মামাতো ভাইয়ের নাম কী?

(৩) রবীন্দ্রনাথ যদুনাথ চট্টোপাধ্যায়ের মামাতো ভাইয়ের থেকে বয়সে কত বছরের বড় ছিলেন?

(৪) রবীন্দ্রনাথ মনোনীত লেখকের বইটির নাম কী?

(৫) 'সংস্কৃত প্রবেশ' গ্রন্থের রচয়িতা কে?

*অথবা*

''আবার আসিব ফিরে ধানসিড়িটির তীরে—এই বাংলায়
হয়তো মানুষ নয়—হয়তো বা শঙ্খচিল শালিখের বেশে;
হয়তো ভোরের কাক হয়ে এই কার্তিকের নবান্নের দেশে
কুয়াশার বুকে ভেসে একদিন আসিব এ কাঁঠাল-ছায়ায়;
হয়তো বা হাঁস হব—কিশোরীর—ঘুঙুর রহিবে লাল পায়,
সারাদিন কেটে যাবে কল্মীর গন্ধ ভরা জলে ভেসে ভেসে;
আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালোবেসে
জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়;

হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে;
হয়তো শুনিবে এক লক্ষ্মীপেঁচা ডাকিতেছে শিমুলের ডালে;
হয়তো খইয়ের ধান ছড়াতেছে শিশু এক উঠানের ঘাসে;
রূপ্‌সার ঘোলা জলে হয়তো কিশোর এক শাদা ছেঁড়া পালে
ডিঙা বায়;—রাঙা মেঘ সাঁতরায়ে অন্ধকারে আসিতেছে নীড়ে;
দেখিবে ধবল বক : আমারেই পাবে তুমি ইহাদের ভিড়ে—''

*প্রশ্নাবলি* :

(১) কবি পরের জন্মে কোথায় ফিরে আসতে চান ?

(২) 'ভোরের কাক' হয়ে কোথায় তিনি আসতে চেয়েছেন ?

(৩) 'লক্ষ্মীপেঁচা' হয়ে কোথায় বসে থাকবেন কবি ?

(৪) 'রূপ্‌সার ঘোলা জলে' কবি কী করবেন ?

(৫) 'ধবল বক'কে কীভাবে নীড়ে আসতে দেখা যাবে ?

★★★